অন্ন

প্রতিষ্ঠান: অন্ন লিমিটেড
প্রতিষ্ঠাতা: সৈয়দ তাহমিদ জামান রাশিক
যাত্রা: ২০২০
ইন্ডাস্ট্রি: ফুড টেক
ওয়েবসাইট: onnow.io

'অন্ন' একটি ফুড টেক স্টার্টআপ। ডিজিটাল স্ট্র্যাটেজি ব্যবহার করার মাধ্যমে এটি গ্রাহকের নিকট স্বাস্থ্যকর এবং পরিচ্ছন্ন খাবার সরবরাহ করে। প্রাথমিক অবস্থায় প্রতিষ্ঠানটি ২০২০ সালে ক্লাউড কিচেন হিসেবে 'গোস্ট কিচেন বাংলাদেশ' নামে যাত্রা শুরু করে। পরবর্তীতে, ব্যবসায়ের স্বার্থে ২০২১ সালে অক্টোবরে বিজনেস স্ট্র্যাটেজি এবং মডেল পরিবর্তন করে প্রতিষ্ঠানটি 'অন্ন' নামে নতুন নামকরণ করে।

হোম-কিচেন এবং হোম-কুকদের সাথে পার্টনারশীপের মাধ্যমে অন্ন তার গ্রাহকের কাছে অর্ডার করা খাবারগুলো সরবরাহ করে থাকে। অন্ন মূলত গৃহিণী এবং রান্নার দক্ষতা সম্পন্ন ব্যক্তিদের জন্য উদ্যোক্তা হওয়ার সুযোগ তৈরি করেছে। অন্ন এর খাবার পার্টনার হিসেবে কাজ করে এমন কিচেন এবং গৃহিণীরা "অন্ন সুপারশেফস্" নামে পরিচিত। কোন বিনিয়োগ ছাড়াই অর্থাৎ বিনা পুঁজিতেই আগ্রহীরা অন্ন এর সাথে যুক্ত হয়ে হতে পারবেন একজন উদ্যোক্তা। এখানে মূলত অন্ন এর তালিকাভুক্ত ব্র্যান্ডেড আইটেমগুলো নিয়েই কাজ করা হয়, যথা: ফ্রিগি'স, র‍্যাপো, স্ন্যাকমেট, মোমো মাউন্টেইন, বার্গার ওপা এবং ফুআইয়ো এর বিভিন্ন খাবার। এ প্ল্যাটফর্মে আগ্রহীর নিজের তৈরি করা অর্থাৎ অন্ন এর তালিকাভুক্ত ব্র্যান্ডেড আইটেমগুলো ছাড়া অন্য কোন খাবার তৈরি বা সরবরাহ করা হয় না।

অন্ন নিজস্ব প্রশিক্ষকের মাধ্যমে উদ্যোক্তা হতে আগ্রহীদের ট্রেনিং করানো থেকে শুরু করে রান্নার সকল সামগ্রী দিয়ে সাহায্য করে থাকে এবং চাহিদানুযায়ী রোজকার পণ্য অন্ন কর্তৃপক্ষ নিজেরাই দোরগোড়ায় পৌঁছে দিয়ে যায়। এ প্ল্যাটফর্মের মার্কেটিং, ডেলিভারি এবং কাস্টমার সার্ভিস থেকে শুরু করে বাজার করা, ব্র্যান্ড ও প্রোডাক্ট ডেভেলপমেন্ট এর সম্পূর্ণ দায়িত্ব হলো অন্ন প্ল্যাটফর্মের এবং উদ্যোক্তার দায়িত্ব শুধু মাত্র ভালোভাবে রান্না করা। উল্লেখ্য যে, ফুড ডেলিভারি পার্টনার হিসেবেও অন্নের নিজস্ব সাপোর্ট রয়েছে। অন্ন এর মনিটরিং, রিসার্চ এবং ডেভেলপমেন্ট টীম এর পাশাপাশি হটলাইন সেবা রয়েছে। এআই এনাবল্ড এন্ড-টু-এন্ড সাপ্লাই চেইন এবং অ্যাসেট-লাইট প্রোডাকশন সিস্টেমের মাধ্যমে 'অন্ন' প্রতিদিনের খাবারকে ২৫ শতাংশ কম খরচে তৈরি করতে পারে। অন্নের খাবার অনলাইনে তাদের ওয়েবসাইটের মাধ্যমে অথবা নিজস্ব অ্যাপ কিংবা বিভিন্ন ফুড ডেলিভারি অ্যাপস, যেমন: পাঠাও, ফুডপান্ডা ব্যবহার করে অর্ডার করা যায়।

অর্থনৈতিক পরিসর অন্ন বিটুসি এবং বিটুবি উভয় প্রকার বিজনেস মডেলে কাজ করে। বিক্রির ওপর কমিশন এবং ই-কমার্স এর মাধ্যমে প্রতিষ্ঠানটি সাধারণত রেভিনিউ অর্জন করে। আইডিয়া প্রকল্প কর্তৃক স্টার্টআপটি ২০২১ সালে ১০ লক্ষ টাকা অনুদান গ্রহণ করেছে। অন্ন ২০২২ সালের জানুয়ারি মাসে দক্ষিন কোরিয়ার ভিসি প্রতিষ্ঠান দিভেঞ্চার্স এর মাধ্যমে সর্বপ্রথম বিনিয়োগ পায়। ইতোমধ্যে, প্রতিষ্ঠানটি সিলিকন ভ্যালী থেকে প্রায় ৪ লাখ ৭০ হাজার ডলার বিনিয়োগ পেয়েছে। অন্ন এর মাসিক রেভিনিউ প্রায় ২০ হাজার ডলার এবং এর ভ্যালুয়েশন প্রায় ৩ মিলিয়ন মার্কিন ডলার।

ব্যাপ্তি অন্ন ২ লাখেরও বেশি পরিবারে খাবার সরবরাহ করেছে। এ পর্যন্ত স্টার্টআপটি ১০০টিরও বেশি কিচেন পার্টনারের সাথে কাজ করছে। বর্তমানে স্টার্টআপটি ঢাকাতে সেবা প্রদান করছে।

অর্জন প্রতিষ্ঠানটি ফুড ফ্রন্টিয়ারস্ ২০২১ এ প্রথম পুরস্কার গ্রহণ করে। এছাড়া, ২০২১ সালে স্টার্টআপটি 'বিগ ২০২১' কনটেস্টে সেরা ৯, ইউনিকর্ণ ব্যাটেল সাউথইস্ট এশিয়াতে সেরা ১০, বিওয়াইএলসি ভেঞ্চার্স এর তালিকায় সেরা ২০ এবং ইমপ্যাক্ট কালেক্টিভ ২০২১ এর উনার হিসেবে সম্মননা অর্জন করেছে।

টার্গেট গ্রুপ ফুড লাভার, রান্না করতে ও উদ্যোক্তা হতে আগ্রহীগণ, শেফ, ব্র্যান্ডেড ফুড কোম্পানি, রেস্টুরেন্ট এবং অন্যান্য ক্লাউড কিচেন প্রতিষ্ঠানসমূহ।

অপারেশন এরিয়া ঢাকা, বাংলাদেশ।

জনবল ৫০ জন

Onnow

Company : Onnow Limited
[Previously 'Ghost Kitchen Bangladesh']
Founder : Syed Tahmid Zaman Rashik
Since : 2020
Industry : Food Tech
Website : onnow.io

'Onnow' is a food tech startup. It uses a digital strategy to give customers with healthy and clean food. Initially, the company started its journey in 2020 as a cloud kitchen called 'Ghost Kitchen Bangladesh'. Later, in the interests of business, the company changed its business strategy and model in October 2021 and renamed it 'Onnow'.

Onnow delivers the ordered meals to its customers through partnerships with home kitchens and home cooks. Onnow has mainly created entrepreneurship opportunities for housewives and people with cooking skills. Kitchens and housewives who work as Onnow's food partners are known as "Onnow Superchefs". Those who are interested can become an entrepreneur without any investment i.e. without any capital. It mainly deals with the listed branded items of food, namely: Friggy's, Wrappo, Snackmate, Momo Mountains, Burger Oppa and Fuiyoh's different items. Onnow only prepares and delivers the branded items listed on its platform. No other food items are made or supplied apart from those specified in its menu.

Onnow provides training for aspiring entrepreneurs, offering necessary cooking supplies and delivering daily essentials to their doorsteps. Onnow manages the entire process from marketing, delivery, and customer service to brand and product development. This allows entrepreneurs to focus solely on cooking delicious meals without worrying about other operational aspects. It operates as a food delivery partner with support services, including monitoring and a hotline. Using an AI-enabled supply chain and asset-light production, Onnow can reduce meal costs by 25%. Customers can order meals through their website, app, or popular delivery platforms like Pathao and Foodpanda.

Financial Status Onnow operates on both B2C and B2B business models, earning revenue through sales commissions and e-commerce. It received a grant of BDT 1 million from the iDEA project in 2021 and secured its first investment in January 2022 from the South Korean VC firm TheVentures. To date, it has raised approximately $470,000 from Silicon Valley. Onnow's monthly revenue is around $20,000, with a valuation of approximately $3 million.

Expansion Onnow's key achievements include serving over 200,000 households, partnering with more than 100 kitchen partners. The startup operates its services primarily in Dhaka, focusing on providing fresh and hygienic food options to urban consumers.

Achievement The Startup Onnow, received its first award at Food Frontiers 2021. Additionally, it was recognized in several competitions: among the top 9 in the "Big 2021" contest, top 10 in the Unicorn Battle Southeast Asia, top 20 in the BYLC Ventures list, and honored as a winner at Impact Collective 2021.

Target Group The target group for Onnow includes food lovers, aspiring cooks and entrepreneurs, chefs, branded food companies, restaurants, and other cloud kitchen establishments.

Operation Area Dhaka, Bangladesh

Human Resources 50